

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.২৩.৫০০

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২
১৩ এপ্রিল ২০২৬


বিষয় : মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ প্রতিপালন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ-এর আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৭৯, তারিখ : ৩১.০৩.২০২৬ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক সংকটের পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে বিশেষ গুরুত্ব প্রদান করেছেন। এ ছাড়া দাপ্তরিক সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেছেন। সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং কর্পোরেশনসহ সকল অফিসে কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে উপস্থিতি, বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিতকরণার্থে ইতোপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদান করে পত্র জারি করা হয়েছে। এতদসত্ত্বেও বিভিন্ন দপ্তরে এর ব্যত্যয় পরিলক্ষিত হওয়ায় সকল কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি, বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিতকরণার্থে মন্ত্রিপরিষদ বিভাগের নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) বিদ্যমান বৈদ্যুতিক বাতির অর্ধেক (৫০%) ব্যবহার। এ লক্ষ্যে প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার;
- (খ) শীততাপ নিয়ন্ত্রণযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫.১ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে স্থিরিকরণ;
- (গ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধকরণ;
- (ঘ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধকরণ;
- (ঙ) প্রয়োজনের সময় ব্যতিরেকে ইলেকট্রিক কেটলিতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে রাখা;
- (চ) কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ;
- (ছ) বিনষ্টযোগ্য, পুরাতন নথি, ভাঙ্গা ও অব্যবহৃত আসবাবপত্র অফিসের মধ্যে যত্রতত্র না রেখে যথাস্থানে সংরক্ষণ ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণ; এবং
- (জ) সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য আইন ও বিচার বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিতি, বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ সাইফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjustice div.gov.bd
ফোন: ২২৩৩৫৭৪২০

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.২৩.৫০০/১(৩৫)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২
১৩ এপ্রিল ২০২৬

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা ও দায়রা জজ (সকল)।
২. মহানগর দায়রা জজ (সকল)।
৩. অতিরিক্ত সচিব.....(সকল), আইন ও বিচার বিভাগ।
৪. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

৫. যুগ্মসচিব (প্রশাসন-১/২/ মতামত/বাজেট ও উন্নয়ন/প্রশিক্ষণ/রেজিস্ট্রেশন), আইন ও বিচার বিভাগ।
৬. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৭. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৮. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৯. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
১১. পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
১২. বিভাগীয় স্পেশাল জজ..... (সকল)।
১৩. স্পেশাল জজ.....(সকল)।
১৪. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
১৫. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....(সকল)।
১৭. বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৮. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল.....(সকল)।
১৯. বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.....(সকল)।
২০. চেয়ারম্যান, প্রথম/দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।
২১. সদস্য, শ্রম আপীল আদালত, ঢাকা।
২২. চেয়ারম্যান, শ্রম আদালত, ঢাকা.....(সকল)।
২৩. সদস্য, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২৪. সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল.....(সকল)।
২৫. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৬. বিচারক, মানব পাচার ট্রাইব্যুনাল.....(সকল)।
২৭. বিচারক, পারিবারিক আপীল আদালত.....(সকল)।
২৮. শিশু ধর্ষণ প্রতিরোধ ট্রাইব্যুনাল.....(সকল)।
২৯. ল্যান্ড সার্ভে আপীল ট্রাইব্যুনাল.....(সকল)।
৩০. উপসচিব/উপসলিসিটর (সকল), আইন ও বিচার বিভাগ।
৩১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.....(সকল)।
৩২. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল)।
৩৩. বিচারক, পরিবেশ আদালত.....(সকল)।
৩৪. বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল(সকল)।
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব..... (সকল), আইন ও বিচার বিভাগ।

(বিঃদ্র: সকল কর্মকর্তাকে তাঁর অধীনস্থ সকল কর্মচারী-কে অবহিত করার অনুরোধসহ)

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রিপরিষদ সচিব এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।


(মোঃ সাইফুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)